



# নী

লা যেদিন রজতকে ছেড়ে চলে এলো, তখনো রজত ভাবেনি নীলার এ যাওয়া চিরদিনের। নকশা কাঁথা শত মুন্সিয়ানার ফোঁড়ে বোনা অতি আদরের চাদর' রাধাকৃষ্ণ ফোঁয়ারা' আপনার একান্তপ্রিয় সব তৈজস্ ছেড়ে নীলা কখনো চলে যেতে পারে' রজতের বিশ্বাস করতে কষ্ট হয়। তবে কি শত ভাললাগা পছন্দের মাঝেও নীলার অপূর্ণতা ছিল কিছু? তা কিভাবে হয়। নীলার একান্ত সত্ত্বা বিশ্বাস প্রশ্রয়তে রজত নামের যে সাবলীল উপস্থিতি তা যে শুধু একান্তই রজতের। বড়ভাইয়ের সংসারে বেড়ে উঠা নীলা সহপাঠী রজতকে যেদিন বললো : রজত' তুমি কি জানো কেউ একজন তোমার হতে চায়' অতি স্মার্ট রজতের মুখে মুচকি হাসি। না জানলে কি নয়? ভাসিটির দূরন্ত সব স্বর্ণালী দিন বেঁধে রাখার জন্য নীলা রজত যখন জুঁটি বাঁধলো তখন দুই পরিবার থেকে প্রবল আপত্তি উঠলো। অথচ ভালোবাসা এমনি হয় / শত বাঁধার মাচানে / লকলকিয়ে বেড়ে উঠে / বিদ্রোহী কর্তে বলে / ভালবাসি / ভালবাসবো আজীবন / নিন্দুকের মুখে ঝাটা পড়ে / দু'মুখো হারাজাদার শত কথার ঝড়ে / কখনো মরে না ধব্লা বক / ....।

দাম্পত্য জীবনে ছোটখাটো সমস্যা সব সংসারেই হয়। সহবসবাস খুবই বিপদজনক অধ্যায়। দীর্ঘদিন একচেটিয়াভাবে কাউকে সহ্য করা বোধহয় সত্যিই কঠিন। ব্যক্তিত্ব অভ্যাস স্বভাব মিলিয়ে যে গন্ধ' কারো কারো জন্য হয়তো তা উৎকট অসহ্য! রজতের রাত করে বাসায় ফেরা' নাটক পাড়ায় ঘুরাঘুরি' বাসায় এসে কিছু লেখার অস্থির চেষ্টি' নীলার কাছে কখনো গ্রহনযোগ্য মনে না হলেও নীলার হালকা প্রশ্রয়তে রজত, এমন একটা কাজ করতে পারে তা নীলা কখনো ভাবেনি। তবে রজতকে ঐ বিষয়ে কোন প্রশ্ন না করেই সিদ্ধান্তে এসেছে নীলা। মেপে মেপে বলেছে : রজত আমি যাচ্ছি, আর কখনো ফিরছি না।

লেখালেখিতে কাটাকাটি হয়। রাফ প্যাড ভরে যায়। কবিতার মরু উদ্যান / অস্থির মন আরো অস্থির হয় / নীলাহীন রাত ভরে যায় / সীমাহীন নীল যাতনায় / ....। খেলাঘর মোর ভেঙ্গে গেছে হয়/ নয়নের যমুনায়ে/ সুধীর লাল চক্রবর্তীর অমর সুধা / মোবাইল ডিসপ্লেতে অচিন নাম্বার : একি কবিতা কন্যা? হ্যালো সরফরাজ খান? হ্যালো শুনতে পাচ্ছেন না? আমি "নয়া ধুমকেতু" থেকে বলছি। আপনার লেখা কতদূর? আগামী শনিবার পাচ্ছি তো? জ্বি? রজতের গলা বেয়ে নামে বিষাক্ত তিতা জল।

একি রজত তুমি কি গু হামানব হবার চেষ্টি করছো নাকি। পঁয়াজ রসুনের গন্ধ মাখা' বিশিষ্ট রাধুঁনী লুবনা। লুবনা কি রজতের কেউ হয়! অনেকটা পুরুষ স্বভাবের লুবনাকে যে রজতের কখনো একটুকু ভালো লাগেনি' তাকে আজ এতো মায়াবী লাগছে কেন?

মেঘে মেঘে বেলা যায়, কষ্টের প্রহর অতি দীর্ঘ হয় । অতঃপর কোন এক মধ্যরাতে রজতের ল্যান্ডফোন বেজে উঠে । হ্যালো, রজত' নীলার রিনরিন কণ্ঠ : আগামীকাল সেপারেশন পেপারস্ দয়া করে সাইন করে দিও । কি বলবে রজত, কি বলার আছে রজতের ! এককণ্ঠ অভিমান নাকি অপমানে একদম চুপসে যায় কালের উঠতি লেখক সরফরাজ খান রজত ।

অথচ ভালোবাসা এমনিই হয় / কাঁদায় / স্বপ্ন দেখায় / আরবার / আরদিন / পরম মমতার পরশ বেয়ে নামে / পালকের মতন পরম আদরিত / ছুঁয়ে দেখার আকুতিতে / কেমন করা মন / জীবন ভালোবাসা খোঁয়াব গল্প কবিতা / নরোম নরোম ভালো লাগা / কখনো বা বোকামিতে ভরা সুখী জীবন । বিপরীতে এককুহুঁয়া কষ্ট আর অপরিসীম বিরহ বেদনা ।

